

চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারির বিবৃতি

26 নভেম্বর, 2024

আমরা বাংলাদেশ সম্মিলিত সনাতন জাগরণ জোটের মুখপাত্র শ্রী চিন্ময় কৃষ্ণ দাসকে গ্রেপ্তার করা এবং তাঁকে জামিন দিতে অস্বীকার করার বিষয়ে গভীর উদ্বেগ প্রকাশ করছি। এই ঘটনাটি বাংলাদেশের উগ্রবাদীদের দ্বারা হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘুদের উপর একাধিক বার আক্রমণের পরে ঘটেছে। সংখ্যালঘুদের বাড়ি এবং ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি লুণ্ঠ করার ও সেখানে হামলা চালানোর পাশাপাশি চুরি ও ভাঙচুর এবং দেব মূর্তি ও মন্দির নষ্ট করার বিভিন্ন ঘটনা জানা গিয়েছে।

দুর্ভাগ্যজনক বিষয় হল যে, এই সমস্ত ঘটনায় জড়িত হামলাকারীদের এখনও ধরা যায়নি। অথচ শান্তিপূর্ণ সমাবেশে ন্যায্য দাবি জানানোর অপরাধে এক ধর্মীয় নেতার বিরুদ্ধে চার্জগঠন করা হচ্ছে। এই প্রসঙ্গে মনে রাখা জরুরি যে, শ্রী দাসের গ্রেফতারির বিরুদ্ধে শান্তিপূর্ণ ভাবে প্রতিবাদ জানানোর সময়েও সংখ্যালঘুদের উপরে আক্রমণ চালানো হয়েছে।

আমরা বাংলাদেশ কর্তৃপক্ষের কাছে অনুরোধ করছি, তারা যেন শান্তিপূর্ণ জমায়েত এবং মত প্রকাশের স্বাধীনতার অধিকার সহ হিন্দু এবং সমস্ত সংখ্যালঘুদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করেন।

নিউ দিল্লি

26 নভেম্বর, 2024